

সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী

উচ্চ শিক্ষার মান বাড়ানোর চেষ্টা চালিয়ে যেতে হবে

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ বলেছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ এবং গুণগত মান বৃদ্ধির জন্য প্রচেষ্টা চালিয়ে যেতে হবে। ব্যবসা ও মুনাফার চিন্তা ত্যাগ করে জনকল্যাণ, সেবার মনোভাব ও শিক্ষায় অবদান রাখার দৃষ্টিভঙ্গি নিয়ে এগিয়ে আসতে হবে। বিশ্ববিদ্যালয়কে জ্ঞানচর্চা, গবেষণা ও নতুন জ্ঞান অনুসন্ধান করতে হবে।

গতকাল সোমবার রাজধানীর বসুন্ধরা আন্তর্জাতিক কনভেনশন সেন্টারে 'শান্ত-মারিয়াম ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি'র দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসেবে সভাপতির বক্তৃতায় তিনি এ কথা বলেন।

অনুষ্ঠানে মুক্তিযুদ্ধবিষয়কমন্ত্রী আক ম মোজাম্মেল হক এমপি, শান্ত-মারিয়াম ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান মো. ইমামুল কবির শান্ত, উপাচার্য অধ্যাপক ড. কাজী এম মফিজুর রহমান এবং রেজিস্ট্রার হোসনে আরা রহমান বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।